

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪১২০  
পানিসাগর, ০৮ ডিসেম্বর, ২০২৩

পানিসাগরে রাজ্যভিত্তিক বালিকা অনুষ্ঠ- ১৪ ফুটবল প্রতিযোগিতা

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে অনুষ্ঠ- ১৪ বছর বয়সের বালিকা বিভাগে রাজ্যভিত্তিক ফুটবল প্রতিযোগিতা গতকাল থেকে শুরু হয়েছে। পানিসাগর আঞ্চলিক শারীর শিক্ষন মহাবিদ্যালয়ের ইন্ডোর হলে তিনদিনব্যাপী রাজ্যভিত্তিক এই প্রতিযোগিতার উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি ভবতোষ দাস। প্রতিযোগিতার উদ্বোধন করে সভাধিপতি শ্রী দাস বলেন, শরীর সুস্থ রাখার ক্ষেত্রে খেলাধূলার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তিনি ছাত্রাত্মীদের পড়াশুনার পাশাপাশি খেলাধূলায় অংশ নেওয়ার আহ্বান জানান। স্বাগত বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উত্তর ত্রিপুরা জেলা আধিকারিক অমিত কুমার যাদব। সভাপতিত্ব করেন পানিসাগর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পানিসাগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান লক্ষ্মীকান্ত দাস, পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুভাষ আচার্য, সমাজসেবী বিবেকানন্দ দাস প্রমুখ। উদ্বোধনী সংগীত পরিবেশন করেন পানিসাগরস্থিৎ ত্রিপুরা স্পোর্টস স্কুলের ছাত্রাত্মীগণ। রাজ্যভিত্তিক এই প্রতিযোগিতার আসরে রাজ্যের সব জেলা থেকে বালিকারা অংশগ্রহণ করেছে। প্রতিযোগিতা আগামী ৯ ডিসেম্বর পর্যন্ত চলবে।

\*\*\*\*\*